

আদ-দুখান | Ad-Dukhan | الدُّخَان

আয়াতঃ ৪৪ : ৫৪

আরবি মূল আয়াত:

كَذٰلِكَ وَزَوَّجْنٰهُمْ بِحُورٍ عٰیْنٍ ﴿٥٤﴾

অনুবাদসমূহ:

এরূপই ঘটবে, আর আমি তাদেরকে বিয়ে দেব ডাগর নয়না হুরদের সাথে। — আল-বায়ান

এ রকমই হবে, আর তাদের বিয়ে দিয়ে দেব ডাগর ডাগর সুন্দর উজ্জ্বল চোখওয়ালা কুমারীদের (হুরদের) সাথে।
— তাইসিরুল

এরূপই ঘটবে; তাদেরকে সঙ্গিনী দিব আয়তলোচনা হুর। — মুজিবুর রহমান

Thus. And We will marry them to fair women with large, [beautiful] eyes. —
Sahih International

৫৪. এরূপই ঘটবে; আর আমরা তাদেরকে বিয়ে দিয়ে দেব ডাগর নয়না হুরদের সাথে,

-

তাকসীরে জাকারিয়া

(৫৪) এরূপই ঘটবে ওদের;[1] আর আয়তলোচনা হুরদের সাথে তাদের বিবাহ দেব। [2]

[1] অর্থাৎ, আল্লাহভীরুদের সাথে অবশ্যই এই ধরনের আচরণ করা হবে।

[2] حُورٌ হল حُورَاءُ এর বহুবচন। এর উৎপত্তি حُورٌ থেকে। যার অর্থ, চোখের সাদা অংশের অত্যধিক সাদা এবং কালো অংশের অত্যধিক কালো হওয়া। حُورَاءُ (হুর) এই জন্য বলা হয় যে, দৃষ্টি তাদের রূপ ও সৌন্দর্যকে দেখে হররান (মুগ্ধ) হয়ে যাবে। عَيْنٌ হল, عَيْنَاءُ এর বহুবচন। আয়তলোচনঃ প্রশস্ত বা ডাগর চোখ; যেমন হয় হরিণের চোখ। পূর্বেই আলোচনা হয়েছে যে, প্রত্যেক জান্নাতী কমসে কম দু'টি হুর অবশ্যই পাবে। যারা রূপ ও সৌন্দর্যের দিক দিয়ে যেন চাঁদ ও সূর্যের মত উজ্জ্বল হবে। অবশ্য তিরমিযীর একটি সহীহ বর্ণনা থেকে প্রতীয়মান হয় যে, প্রত্যেক শহীদ বিশেষ করে ৭২টি করে হুর পাবেন। (জিহাদের ফযীলতের পরিচ্ছেদসমূহ)

তাকসীরে আহসানুল বায়ান

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন